

ঢাকা ওয়াসা

- ০১। অত্র বিভাগের ২০২৪-২৫ ইং অর্থ বছরের বরাদ্দকৃত বাজেটের কপি।
০২। কোটেশন।
০৩। আলোচ্য কাজের প্রাক্কলন।

বিষয় : এফ. এম. বিভাগ-১ এর অফিস সেকশনের বিদ্যমান পুরাতন মোজাইক ফ্লোর পলিশিং এবং ব্যবহৃত টয়লেটগুলো ডিপ ক্লিনিং কাজের প্রাক্কলন অনুমোদন প্রসঙ্গে।

০১। ক্র: নং ১ হতে ৩ সদয় দেখা যেতে পারে। অত্র বিভাগের আওতাধীন বর্তমানে ৬২০ টিরও অধিক গভীর নলকূপ চালু আছে। প্রতিদিনই প্রায় ৩/৪ টি পাম্প মোটর ব্রেক-ডাউন, পাম্প পরিবর্তন, লিকেজ মেরামত এবং আই, ডব্লিউ, এস প্রকল্প কর্তৃক নির্মিতব্য কূপে প্রয়োজনীয় মালামাল সরবরাহ করে কলাম পাইপ দ্বারা সাব-পাম্প সেট স্থাপন করা হয়ে থাকে যা অত্র বিভাগের দৈনন্দিন রক্ষণাবেক্ষণ কাজের আওতাভুক্ত। অত্র অফিসের ফ্লোর মোজাইক অনেকদিনের পুরাতন হওয়ায় ময়লার স্থায়ী স্তর পড়ে বিবর্ণ হয়ে গিয়েছে বিধায় তা পলিশিং কাজসহ ব্যবহৃত টয়লেটগুলো ডিপ ক্লিনিং করা প্রয়োজন। আলোচ্য কাজটি সম্পাদনের জন্যে দক্ষ লেবার নিয়োজিত করে ও প্রয়োজনীয় মালামালের সাহায্যে টয়লেটগুলো ডিপ ক্লিনিং ও অফিসের পুরাতন মোজাইক কৃত ফ্লোর পলিশিং করার লক্ষ্যে বাজার দর এর ভিত্তিতে একটি প্রাক্কলন প্রস্তুত করা হয়েছে। যাতে টাকার পরিমাণ দাঁড়িয়েছে সর্বমোট=২৪,২০০/- (চব্বিশ হাজার দুইশত) টাকা মাত্র। আলোচ্য কাজটি ব্যয়ভার অত্র বিভাগের ২০২৪-২০২৫ ইং অর্থ বছরের বরাদ্দকৃত বাজেটের “অফিস রক্ষণাবেক্ষণ” খাত হতে নির্বাহ করা যেতে পারে। যার অনুমোদনের ক্ষমতা প্রধান প্রকৌশলী মহোদয়ের আওতাধীন।

০২। এমতাবস্থায়, কর্তৃপক্ষের কাজের স্বার্থে এফ. এম. বিভাগ-১ এর অফিস সেকশনের বিদ্যমান পুরাতন মোজাইক ফ্লোর পলিশিং এবং ব্যবহৃত টয়লেটগুলো ডিপ ক্লিনিং কাজে উপস্থাপিত = ২৪,২০০/- (চব্বিশ হাজার দুইশত) টাকার প্রাক্কলনটি পাবলিক প্রকিউরমেন্ট আইন ২০০৬ এবং বিধিমালা ২০০৮ এর বিধি-৮১(১) ধারা মোতাবেক সরাসরি নগদ ক্রয় হিসাবে কার্য সম্পাদনের জন্যে সদয় অনুমোদন দেয়া যেতে পারে। উল্লেখ্য যে, কাজটি সম্পাদনের পর আলোচ্য কাজের জন্যে আনীত টাকা পরবর্তীতে বিল ভাউচারের মাধ্যমে সমন্বয়ের ব্যবস্থা গ্রহণ করা হবে।

নং ২৪/২/২৫

২৬. ২. ২৫

মোঃ ফটিক চাঁদ মিয়া
সহকারী প্রকৌশলী
এফ.এম.বিভাগ-১, ঢাকা ওয়াসা।

২৬/০২/২০২৫

মোঃ নওশাদ আলম
নির্বাহী প্রকৌশলী
এফ.এম.বিভাগ-১, ঢাকা ওয়াসা।

SE/PAE2M

২৭. ২. ২০২৫

মোঃ আঃ লতিফ
তত্ত্বাবধায়ক প্রকৌশলী
আর.পি.ই এন্ড এম সার্কেল
ঢাকা ওয়াসা।

০৬।

প্রস্তুত করা হয়েছে

২৮/০৬

প্রকৌশলী মোঃ আব্দুস সালাম
প্রধান প্রকৌশলী
ঢাকা ওয়াসা।

২৯/০২/২৫

২৯/০২/২৫

২৯/০২/২৫